



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৫/০৪/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের পৃথক অভিযানে ০৩ কেজি ৫০০ গ্রাম গাঁজা ও ২৫ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ ৫ জন গ্রেফতার



ঘটনা-২



ঘটনা-৩



ঘটনা-৪

গত ০৪/০৪/২০২২ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় রংপুর মহানগরী এলাকায় মাদক বিরোধী ৩ টি অভিযান পরিচালিত হয়।

ঘটনা- ১ঃ রাত্র ০৩.৪৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন জেলা পরিষদ কমিউনিটি সেন্টার এর ভিতরে তিন তলার একটি কক্ষ থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য ২০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মাদক ও অজ্ঞাত আসামীর বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়। তাৎক্ষণিক আসামীকে গ্রেফতার করা না গেলেও একই দিন সন্ধ্যা ১৭.২০ ঘটিকায় আসামী মোঃ মামুন মিয়া (৩৮), পিতা- মোঃ আবদুল কাদের, সাং- পাভার দিঘি (মনসা মন্দিরের পূর্বে), থানা- পরশুরাম, রংপুর মহানগর, রংপুর কে গ্রেফতার করা হয়।

ঘটনা- ২ঃ একই দিন সন্ধ্যা ১৮.২০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই(নিঃ) স্বপন কুমার রায় এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর হারাগাছ থানাধীন জমচওড়া বাজার সংলগ্ন নাউয়ার ব্রীজের উপর থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য ০৫ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ আসামী ০১। মোঃ সাহিদুল ইসলাম (৩৩), পিতা- মৃত আঃ লতিফ, মাতা- মৃত রাশেদা বেগম, সাং- জমচওড়া, ইউপি- ৭নং মর্নোয়া, থানা- গঙ্গাচড়া, জেলা- রংপুরকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে হারাগাছ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন ০১ টি মামলা দায়ের করা হয়।

ঘটনা- ৩ঃ একই দিন রাত্র ২০.০৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই(নিঃ)/মোঃ গোলাম মোর্শেদ এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন পায়রাচত্বর হতে হারাগাছগামী সেন্ট্রাল রোডস্থ বাদার্স ট্রেডিং এর সামনে চলাচলের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে নেশা জাতীয় মাদকদ্রব্য ১ কেজি ৫০০ গ্রাম শুকনা গাঁজা উদ্ধারসহ দুইজন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীদের নাম-

- ১) মোঃ আইয়ুব আলী @ আপেল (২৩) পিতা- মোঃ মাহবুব হোসেন, মাতা-মোছাঃ আয়েশা বেগম,
- ২) মোঃ আতাউর রহমান(২৬), পিতা- মোঃ শাহজাহান আলী, মাতা- মোছাঃ আলেয়া বেগম, উভয় সাং-গোপালপুর উত্তর সরকারটারী, ইউপি-৬ নং সন্তোষপুর, থানা-নাগেশ্বরী, জেলা-কুড়িগ্রাম।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন ০১ টি মামলা দায়ের করা হয়।

ঘটনা- ৪ঃ অদ্য ০৫/০৪/২০২২ খ্রি. সকাল ০৮.৩৫ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে সহকারী পুলিশ কমিশনার (পরশুরাম জোন) জনাব মোঃ আরিফুজ্জামান এর অপারেশন পরিকল্পনায়, অফিসার ইনচার্জ (পরশুরাম থানা) জনাব মোঃ রবিউল ইসলাম এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর পরশুরাম থানা এলাকায় মাদকদ্রব্য উদ্ধার অভিযান পরিচালনাকালে উক্ত থানাধীন আব্দুল্লাহর মোড় পাকা রাস্তা উপর থেকে সন্দেহভাজন একজন ব্যক্তিকে তল্লাশী করে নেশা জাতীয় মাদকদ্রব্য ০২ (দুই) কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর নাম- মোঃ জরিফুল ইসলাম(১৯), পিতা- মৃত আব্দুল হাসেম @ দুলাল, মাতা- মোছাঃ জরিনা বেগম, সাং- দক্ষিণ ঘনেশ্যাম (তুষভাভার মহিলা কলেজ সংলগ্ন), ওয়ার্ড নং- ০৬, ইউপি- তুষভাভার, থানা- কালীগঞ্জ, জেলা- লালমনিরহাট।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে পরশুরাম থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন ১ টি মামলা দায়ের করা হয়।

০৫.০৪.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১